



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫৪৫৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯০৮

তারিখ: ৩০-০৫-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৬-০৪-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৫৩৫০))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন ওসমানপুর মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: তোফাজ্জেল হোসেন একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০-০৫-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার  
খোকসা, কুষ্টিয়া।

সংযুক্তি: অভিযোগের ছায়াছবি

নথি নং-বিঅ-৬/৫৪৫৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৯০৮ (৬)

তারিখ: ৩০-০৫-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খোকসা, কুষ্টিয়া।
- ৪। প্রধান শিক্ষক, ওসমানপুর মাধ্যমিক বিদ্যালয়, ওসমানপুর, খোকসা, কুষ্টিয়া।
- ৫। অভিযোগকারী, জনাব মো: তোফাজ্জেল হোসেন (০১৯২৫-০৫০১২৭), ওসমানপুর, খোকসা, কুষ্টিয়া।
- ৬। অফিস নথি।

৩০-০৫-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর

বিদ্যালয় পরিদর্শক,  
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,  
যশোর।

বিষয়ঃ ওসমানপুর মাধ্যমিক বিদ্যালয়ে অবৈধভাবে নিয়মিত কমিটি গঠন ও দুর্নীতি প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমরা ওসমানপুর মাধ্যমিক বিদ্যালয়ের অভিভাবকবৃন্দ আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, এ বিদ্যালয়ে দীর্ঘদিন অনিয়মিত কমিটি দ্বারা পরিচালিত হয়ে আসছে। এমতাবস্থায় নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে যে সমস্ত কার্যাবলী ও পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন ছিল তা করা হয় নাই। প্রধান শিক্ষক মোঃ মতিয়ার রহমান সমস্ত অভিভাবক এবং বিদ্যালয়ের কর্মরত শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের অজ্ঞাতসারে সম্পূর্ণ অবৈধ ও রাতের আধারে তার মনগড়া ও পছন্দের ব্যক্তিবর্গের সমন্বয়ে নিয়মিত কমিটি গঠন করেছেন। বর্তমান অবৈধ কমিটির সভাপতির আপন বড় ভাইয়ের ছেলে মোঃ মাসুদ রানা অভিভাবক সদস্য। এছাড়া এ অবৈধ কমিটি গঠনে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের যোগ-সাজস রয়েছে। সামনে তিনটি নিয়োগ বোর্ড রয়েছে। যেখানে দুর্নীতি হবার আশংকা রয়েছে যা প্রতিষ্ঠানের ক্ষতি সাধন করবে এটা আমাদের মনে হচ্ছে। বিষয়টি জানা- জানি হবার পর এলাকার অভিভাবক ও ছাত্র/ছাত্রীদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে।

এছাড়াও ২০১৯ সাল থেকে অদ্যাবধি সময়ের আয়-ব্যয়ের কোন হিসাব প্রদান করেন নাই। উল্লেখ্য যে সরকার প্রদত্ত শিক্ষক ও কর্মচারীদের টিউশন ফিসের টাকা আত্মসাৎ করেন। বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট হতে বিবিধ অজুহাতে কোন প্রকার রশিদ ছাড়া নিজ হাতে অর্থ গ্রহণ করেন। শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে নানা অজুহাতে উক্ত শিক্ষক কর্মচারীদের হয়রানি ও শোকজ করেন।

অতএব হুজুর সমীপে আমাদের আকুল আবেদন, উপরোক্ত বিষয়গুলো সূষ্ঠ তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয়।

তারিখ: ২৫/০৪/২০২২ইং

বিনীত নিবেদক

এলাকাবাসীর পক্ষে

স্বাক্ষর: মোঃ তোফাজ্জল হোসেন  
২৫/০৪/২২

মোঃ তোফাজ্জল হোসেন (তোফা)  
সদস্য, নং ওয়ার্ড  
২ নং ওসমানপুর ইউনিয়ন পরিষদ  
খোকসা, কুষ্টিয়া।

২৫/০৪/২২